বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোক)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

Web Site : www.bteb.gov.bd

স্মারক নং-১৭.০০০০.৩০৩.২২.২২.১৬ তারিখঃ ০৭/০৯/২০১৬ খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের ২০১৬ সনের কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট ২য় পর্ব (জাতীয় দক্ষতা ২য় মান) পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিভিন্ন শিল্প কলকারখানা হইতে উপযুক্ত প্রার্থী নির্বাচনের পূর্বযোগ্যতা লিখিত ও ব্যবহারিক পরীক্ষা যথাক্রমে আগামী ২৮ ও ২৯ অক্টোবর, ২০১৬ তারিখ শুক্রবার ও শনিবার অনুষ্ঠিত হইবে।

উক্ত পরীক্ষা সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিব/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হইতে অবগত হওয়া যাইবে।

ক) **আগামী ২৮/১০/২০১৬ রোজ শুক্রবার সকাল ১০.০০ টা হইতে বেলা ১.০০ টা পর্যন্ত সময়কালে পূর্বযোগ্যতা পরীক্ষার সকল ট্রেডের লিখিত অংশের এবং ২৯/১০/২০১৬ রোজ শনিবার সকাল ১০.০০টা হইতে ৪.০০ টা পর্যন্ত সময়কালে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে।**

খ) কোন কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা কমপক্ষে ১০ (দশ) জন না হইলে উক্ত কেন্দ্রের পরীক্ষা গ্রহণ করা হইবে না। পরীক্ষার্থী ১০ জনের কম হইলে পার্শববর্তী অন্য কেন্দ্র হইতে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

পরীক্ষার্থীদের এন্ট্রিফরম পূরণের প্রক্রিয়া, পরীক্ষার ফি সমূহের হার এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে এন্ট্রি ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলি নিম্মে বর্ণিত হইলঃ

১. পরীক্ষায় অংশগ্রহণের উপযুক্ততা

১.১ কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট ১ম পর্ব পরীক্ষা (জাতীয় দক্ষতা তৃতীয় মান) উত্তীর্ণ হইবার পর ন্যূনপক্ষে এক বৎসরের শিল্প কলকারখানার কর্ম অভিজ্ঞতা থাকিলে দ্বিতীয় পর্বের পূর্ব যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

১.২ পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম পূরণের পূর্বে অবশ্যই বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে নাম রেজিস্ট্রেশন করাইতে হইবে।

২. এন্ট্রি ফরম পূরণের নিয়মাবলি ও পরীক্ষার ফিসঃ

২.১ পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী পরীক্ষার্থীগণকে অত্যমত্ম সাবধানতার সহিত এন্ট্রি ফরম পূরণ করিতে হইবে। এন্ট্রি ফরম মূলতঃ বাংলায় পূরণ করা আবশ্যক।

২.২ প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ এন্ট্রিফরমের নির্ধারিত স্থানে তাহার নিবন্ধন (রেজিস্ট্রেশন) নম্বর ও সেশন এবং যে ট্রেডের পরীক্ষার্থী সেই ট্রেডের নাম সুস্পষ্ট ও নির্ভুলভাবে অবশ্যই লিপিবদ্ধ করিবে।

২.৩ প্রত্যেক পরীক্ষার্থী স্বীয় এন্ট্রি ফরমের সহিত তাহার পাসপোর্ট আকারের দুই কপি ছবি অবশ্যই সংযোজন করিবে।

২.৪ পূর্ব যোগ্যতা পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হইতে পরীক্ষা ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা, কেন্দ্র ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা এবং ব্যবহারিক পরীক্ষার জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা অর্থাৎ সর্বসাকুল্যে ৫৫০/- (পাঁচশত পঁঞ্চাশ) টাকা আদায় করিতে হইবে। তাছাড়া কেহ নির্দিষ্ট তারিখের পর ফরম পূরণ করিতে চাহিলে তাহাকে বিলম্ব ফি হিসাবে ৩০০/-(তিনশত) টাকা দিতে হবে।

৩. পরীক্ষা কেন্দ্র হইতে এন্ট্রিফরম বোর্ডে প্রেরণের নিয়মাবলিঃ

৩.১ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি কোন এন্ট্রি ফরম বোর্ডে গ্রহণ করা হইবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট এন্ট্রি ফরম বা ব্যাংক ড্রাফট বিহীন এন্ট্রি ফরম সরাসরি নাকচ করা হইবে এবং তজ্জন্য বোর্ড দায়ী থাকিবে না।

৩.৩ পরীক্ষার্থীদের নিকট হইতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে সংরক্ষণ করিতে হইবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থেই বোর্ড কর্তৃক জারীকৃত হারে ও পদ্ধতি অনুসারে পরীক্ষা সমাপ্তির পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক পরিশোধ এবং কাঁচামাল ক্রয় জনিত ব্যয় বহনের ব্যবস্থা করিতে হইবে।

৩.৪ ব্যবহারিক (প্রাকটিক্যাল) পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ ৫০/- (পঞ্চাশ) টাকা হইতে অনাভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রদান ও কাঁচামাল ক্রয়ের জন্য ব্যয় করিতে হইবে। পরীক্ষার্থী প্রতি ১০ (দশ) টাকা হারে অনাভ্যমন্তরীণ (এক্সটার্নাল) ব্যবহারিক পরীক্ষককে পারিশ্রমিক প্রদান করিতে হইবে।

৩.৫ আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফটের মাধ্যমে এন্ট্রি ফরমের সহিত বোর্ডে প্রেরণ করিতে হইবে যাহা সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হইতে উত্তোলনযোগ্য হইতে হইবে।

৩.৬ নগদ টাকা, মানি-অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালান যোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৩.৭ বোর্ডে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভুলভাবে যাচাই করিয়া ট্রেড ভিত্তিক শ্রেণীবিন্যাস করিয়া সাজাইয়া দিতে হইবে। কোন ব্যতিক্রম বাঞ্ছনীয় নহে।

৩.৮ এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রাবার ষ্ট্যাম্প সীলসহ অবশ্যই স্বাক্ষর প্রদান করিবেন। এন্ট্রি ফরমের সঙ্গে সংযোজিত পরীক্ষার্থীর ছবির দুইটি কপিই পরীক্ষা কেন্দ্র প্রধান কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩.৯ নিম্নে বর্ণিত ছক (যে ক্ষেত্রে প্রযোজ্য) অনুযায়ী ট্রেড ভিত্তিক পরীক্ষার্থীর বিশদ বিবরণ এন্ট্রি ফরমের সহিত প্রেরণ করিতে হইবে।

৩.১০ পরীক্ষা গৃহীতব্য ট্রেডসমূহঃ ইলেকট্রিক্যাল, রেডিও অ্যান্ড টিভি, অটোমোটিভ, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, মেশিনিষ্ট,টার্ণার, জেনারেলমেকানিক্স, ওয়েল্ডিং,ড্রাফটিং (মেকানিক্যাল),কার্পেন্ট্রি, সিভিল কন্সট্রাকশন (মেশনারী), ড্রাফটিং (সিভিল) প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং, জেনারেল ইলেকট্রনিক্স)।

ক) **ট্রেড ভিত্তিক তালিকা/ছক ঃ**

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	পিতার নাম	ট্রেডের নাম	পর্ব	পরীক্ষার ফি	কেন্দ্র ফি	ব্যবহারিক পরীক্ষার ফি	মন্তব্য

খ) **এন্ট্রি ফরম পূরণ সংক্রামন্ত তথ্যাদি ঃ**

বিভাগের নাম	বোর্ড হইতে প্রিন্ট আউট/ এন্ট্রি ফরম গ্রহণ	শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও DD করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানের বিলম্ব ফিসহ (প্রতি পরীক্ষার্থী ৩০০/-) ফরম ফিলাপ ও DD করার শেষ তারিখ	সকল প্রিন্ট আউট ও DD একত্রে বোর্ডে জমা করার শেষ তারিখ	প্রবেশপত্র ও উত্তরপত্র গ্রহণ
সকল	২৭/০৯/২০১৬	০৬ /১০/২০১৬	১০/১০/২০১৬	১৩/১০/২০১৬	১৭/১০/২০১৬

(সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-১৭.০০০০.৩০৩.২২.২২.১৬ তারিখঃ ০৭/০৯/২০১৬ খ্রি.

উপরোক্ত বিজ্ঞপ্তির প্রতিলিপি নিম্মোক্ত কর্মকর্তাগণের অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইলঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। পরিচালক(কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। উপ-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হইল)
৯। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নাসিরাবাদ, চট্টগ্রাম/তেলিগাতি, খুলনা/নিশিন্দারা, বগুড়া/ফরিদপুর/কুমিলস্না/রাঙামাটি/বরিশাল/ময়মনসিংহ/ রাজশাহী/বাংলাদেশ জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, বিকে টিটিসি মিরপুর, ঢাকা।
১০। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(প্রশ্নপত্র)/(সার্টিফিকেট), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। উপ-পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (নির্ধারিত সময়ে ফি গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
১৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। অফিস নথি।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা